

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কার্যালয়

মৌলভীবাজার সদর।

cooperative.moulvibazarsadar.gov.bd

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক

আইনগত সেবা সমূহঃ

(ক) নিবন্ধন ও উপ-আইন সংশোধনঃ

- ❖ উপ-আইন নিবন্ধনের মাধ্যমে ১টি সমবায় সমিতির আইনগত ভিত্তি লাভ করে। সমিতির সকল সদস্যদের সিদ্ধান্তের আলোকে প্রয়োজন অনুসারে যথাযথ আইনগত প্রক্রিয়া মোতাবেক উপ-আইন সংশোধন করা যায়। এ বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃপক্ষকে অত্র কার্যালয়ের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়।
- ❖ উপজেলা সমবায় অফিসার কর্তৃক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সমর্থনপুষ্ট প্রাথমিক সমবায় সমিতি সহ সরকারের বিশেষায়িত প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন করা হয়।
- ❖ বিতারিডিবি সমর্থনপুষ্ট প্রাথমিক সমবায় সমিতি ও সরকারের বিশেষায়িত প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি ছাড়া অন্যান্য সকল প্রকার প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধনকারী কর্তৃপক্ষ হলেন জেলা সমবায় অফিসার মহোদয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃপক্ষকে অত্র কার্যালয়ের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়।
- ❖ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক মহোদয় কর্তৃক সকল প্রকার কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট সমিতি কর্তৃপক্ষকে অত্র কার্যালয়ের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়।

(খ) ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন ও অবসায়নঃ

- ❖ নিবন্ধক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়। উপজেলা সমবায় অফিসার সহ অত্র কার্যালয়ে কর্মরত ২ (দুই) সহকারী পরিদর্শক নিরীক্ষা সম্পাদনের বিষয়ে সমিতি কর্তৃপক্ষকে প্রয়োজনীয় আইনগত সহযোগিতা প্রদান করে থাকেন।
- ❖ সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম প্রাথমিক ভাবে কিভাবে নিষ্পত্তি করা যায় সে বিষয়ে সমিতি কর্তৃপক্ষকে অত্র কার্যালয়ের হতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।
- ❖ সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতির পরিচালনায় অনাগ্রহী হলে কিভাবে উক্ত সমিতি কার্যক্রম পুনরায় আইনগত ভাবে কার্যকর করা যায় সে বিষয়ে সমিতি কর্তৃপক্ষকে অত্র কার্যালয়ের হতে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়।

(গ) প্রশিক্ষণ সেবাঃ

- ❖ প্রশিক্ষণ সেবা প্রদানের জন্য কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে রয়েছে দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমি। এছাড়া ও আঞ্চলিক পর্যায়ে নরসিংদী, মুক্তগাছা, ফরিদপুর, ফেনী, মৌলভীবাজার, খুলনা, কুষ্টিয়া, বরিশাল, নওগাঁ এবং রংপুরে ১০ টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট রয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ নিয়ে আসা অত্র উপজেলার অর্ন্তগত সমবায়ীকে সমিতির কার্যক্রম কিভাবে আরোও গতিশীল করা যায় বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। তাছাড়া অত্র উপজেলাধীন নিবন্ধিত সকল সমবায় সমিতিতে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ মোতাবেক পরিচালনার জন্য অত্র কার্যালয় হতে আইনগত পরামর্শ দেওয়া হয়।
- ❖ জেলা সমবায় কার্যালয় এর ডায়ামাগ প্রশিক্ষণ ইউনিট ও উপজেলা সমবায় কার্যালয়ের যৌথ উদ্যোগে প্রতি বছর লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সমিতি পর্যায়ে সমবায়ীদের সমিতি পরিচালনা সহ রিসোর্স পারসনের মাধ্যমে তাদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হয়। ফলে সমিতি কর্তৃপক্ষ সমিতি পরিচালনায় ক্রমান্বয়ে দক্ষ হয়ে উঠেন।

(ঘ) অভিযোগ ও নিষ্পত্তিঃ

- ❖ উপজেলা পর্যায়ের অভিযোগ সমূহ উপজেলা সমবায় কর্মকতা বরাবরে দাখিল করা হলে আইনগত পন্থা অনসরণ করে তা নিষ্পত্তির মাধ্যমে প্রয়োজনীয় পরামর্শ/সেবা প্রদান করা হয়।